

## কুষ্টিয়ায় আওয়ামী লীগ ক্যাডারদের হামলায় ছাত্রদল নেতাসহ নিহত ২

কুষ্টিয়া প্রতিদিন

কুষ্টিয়ার দৌলতপুরে বৃহস্পতিবার গভীর রাতে আওয়ামী লীগের ক্যাডারদের হামলায় এক ছাত্রদল নেতাসহ দুজন নিহত ও ৭ জন আহত হয়েছে। ঘটনাস্থল ঘেঁষে উপজেলার মরিচা ইউনিয়নের মাঝদিয়াড় গ্রামে। আহতদের মধ্যে গুলিবিদ্ধ চারজনকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ও দৌলতপুর উপজেলা বাহা কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। বিকল্প এলাকাবাসী গতকাল শুক্রবার এক আওয়ামী

ক্যাডারের বাড়ি পুড়িয়ে দিয়েছে। এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। হত্যাকাণ্ডের পর থেকে এলাকায় গমগমে অবস্থা বিরাজ করছে। এলাকাবাসী ও প্রত্যক্ষদর্শী সূত্র জানায়, দৌলতপুর আওয়ামী লীগের সহ-সভাপতি ও মরিচা ইউপি চেয়ারম্যান মঈন উদ্দিন মোহনের সমর্থক ১৫/২০ জন আওয়ামী ক্যাডার বৃহস্পতিবার রাত দেড়টার দিকে উপজেলা বিএনপির সহ-কুষ্টিয়া : পৃষ্ঠা : ১৫ কলাম : ৭

### কুষ্টিয়া : নিহত

(১ম পৃষ্ঠার পর)

সভাপতি একই ইউপির সাবেক চেয়ারম্যান মাহাফীজ আলম আলুর বাড়িতে হামলা চালায়। এ সময় বাড়ির সামনে পাহারারত চেয়ারম্যান আলুর আত্মীয়-স্বজন ও বিএনপি সমর্থকদের ওপর হামলাকারীরা এলোপাতাড়ি গুলি ছোড়ে ও ধারালো অস্ত্র দিয়ে কোপায়। এতে গুলিবিদ্ধ হয়ে ও ধারালো অস্ত্রের আঘাতে একই গ্রামের আজিজুল হক গাজীর ছেলে ছাত্রদল নেতা মাস্টারের ছাত্র সাইফুল ইসলাম (২৬) ও আবদুল্লাহ ফারাজীর ছেলে পিন্টু ফারাজী (৩৬) ঘটনাস্থলেই নিহত হয়। নিহত সাইফুল ইসলাম বিএনপি নেতা আলুর ভাগ্নে ও নিহত পিন্টু সম্পর্কে চাচা হয়। হামলায় আহত হয় অমী ব্যাংক মথুরাপুর শাখার কর্মচারী শাহ আলম (৪৪), মিলু (২০), মরিচা ইউপির চৌকিদার হাফিজ উদ্দিন (৪৫), শরিফুল মাস্টার (৪০), আকাস, খর্না ও শাজাহান। আহতদের মধ্যে গুলিবিদ্ধ শাহ আলম ও মিলুকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে এবং হাফিজ উদ্দিন ও শরিফুল মাস্টারকে দৌলতপুর উপজেলা বাহা কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। তথ্যানুসন্ধান জানা যায়, মরিচা ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আলু ও বর্তমান চেয়ারম্যান মোহন ফ্রণের মধ্যে দীর্ঘদিন থেকে ঝন্ড চলে আসছে। জমিজমা সংক্রান্ত বিরোধের জের ধরে এর সূত্রপাত হলেও পরে তা রাজনৈতিক রূপ নেয়। নিহত সাইফুল ইসলাম ও পিন্টু ফারাজীর লাশের ময়নাতদন্ত গতকাল শুক্রবার সকালে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে সম্পন্ন হয়েছে। এদিকে শুক্রবার সকাল সাড়ে ১০টার দিকে মাঝদিয়াড় গ্রামের বিকল্প জনতা একই গ্রামের আওয়ামী ক্যাডার সাফায়েতের বাড়ি পুড়িয়ে দিয়েছে।